

# সাধারণ প্রতিবাদ সভা

২৪শে ফেব্রুয়ারী ডিমোনট্রেশন মিউজিয়াম (পাতিশিয়ন এবং মারনি) সকাল ১০:০০ ঘটিকা

প্রবাসী শ্রমিক ঐক্য সংগঠন  
বেতন কমানো নয়, কর বৃদ্ধি নয়  
সকল অবৈধ প্রবাসীদের বৈধ করন  
ওয়ার্ক পারমিট এবং রেসিডেন্ট সকলের জন্য  
সকল প্রবাসী শিশুদের নাগরিকত্ব প্রদান।  
সকলের জন্য সামাজিক, নাগরিক ও ব্যবসায়িক অধিকার প্রদান।

আসছে ২৪শে ফেব্রুয়ারী GSEE & ADEDY দু'টি বানিজ্যিক ঐক্য সংগঠন সহ এদেশী এবং প্রবাসী শ্রমিকগণ এক জরুরী প্রতিবাদ সভার ডাক দিয়েছে। প্রবাসী আমরা যারা স্বচ্ছল জীবন-যাপনের আশায় এখানে এসেছি তখন দেখেছি এ দেশের সরকার শ্রমিকদের সকল স্বার্থে বিভিন্ন শর্ত আরোপ সহ বেতন-ভাতা কমিয়ে কর বৃদ্ধি করে বর্তমান অর্থনৈতিক মন্দা অবস্থা থেকে বের হয়ে আসতে চাচ্ছে। সাথে সাথে সরকার সকল বিদেশীদের বৈধভাবে কাজ এবং বসবাসের অনুমতি দিচ্ছে না। যার দরুন সরকারের মাধ্যমে পুলিশের অযাচিত নির্যাতনের সামনে আমাদের প্রতিনিয়ত মুখোমুখী হতে হচ্ছে। সরকার পরিকল্পনা মার্কিন আইন পাশ করতে চাচ্ছে যে গ্রীসে বিদেশীদের জনগ্রহণ করা শিশুদের নাগরিকত্ব প্রদান করা হবে। এই শর্তে যে, শিশুর পিতা-মাতা এদেশে বাসকরার বৈধতা থাকতে হবে। এতেও যথেষ্ট নয়। সে সকল পিতা-মাতাদের গ্রীক ভাষা এবং ইতিহাসের উপর পরীক্ষা দিতে হবে অতপর নাগরিকত্ব। যদিও এখনো এবিষয়ে পরিষ্কার নয়। এছাড়া সরকার বেতন কমিয়ে কর বৃদ্ধি করছে অপর দিকে কোটি কোটি ইউরো ব্যাংক, শিল্প প্রতিষ্ঠান ও ধনীদের ব্যবসার স্বার্থে দিচ্ছে। IMF এবং ইউরোপিয়ান ব্যাংক অর্থনৈতিক মন্দার সুযোগ নিয়ে এদের প্রভাব আফ্রিকা, পূর্ব ইউরোপ, এশিয়া সহ বর্তমানে গ্রীসেও বিস্তার করছে। এদেশী প্রবাসী সকল শ্রমিক এবং আমরা বিদেশীরা সকলে মিলে ২৪শে ফেব্রুয়ারী, ডিমোনট্রেশন মিউজিয়াম সকাল ১০:০০ টায় প্রতিবাদ সমাবেশ করব এবং এখানকার স্থানীয় ও প্রবাসীদের দাবী আদায়ের জন্য সকলের বৈধতা ও সু-আইনের দাবী জানাবো। বিভিন্ন শিল্প-কল-কারখানায় শ্রমিক অন্যান্য সকল পেশার মানুষ সহ বানিজ্যিক ঐক্য সংগঠন এর প্রতিবাদে এক দাবী এক সুরে অংশ গ্রহন করব। আমরা প্রবাসী দোকানদার ভাইদের আহবান করছি যে, আপনারা আপনাদের দোকান বন্ধ করে আমাদের সাথে সকলের স্বার্থে এ মিছেলে অংশ গ্রহন করুন। যদি আপনি কোন ইউনিয়নের রেজিস্ট্রেশন না করে থাকেন তাহলে এখনই করুন। ঐক্য-ই শক্তি। এদেশী শ্রমিকদের সাথে ঐক্যবদ্ধ হয়ে আমরা সকল অবৈধ প্রবাসীদের বৈধতা প্রদান এর দাবী জানাবো। আমাদের স্থায়ীভাবে বসবাস এবং জেল-জুলুম বন্ধ করতে হবে। আমরা সকল প্রবাসী শিশুদের নাগরিকত্ব এবং তাদের পিতা-মাতাদের বৈধভাবে বাস করার অনুমতি চাই।

প্রবাসী শ্রমিক ঐক্য সংগঠন।  
বেতন কমানো নয় কর বৃদ্ধি নয়  
সকল অবৈধ প্রবাসীদের বৈধ করন।  
কাজের অনুমতি এবং বাস করার অনুমতি সবার জন্য  
সকল প্রবাসী শিশুদের জন্য নাগরিকত্ব প্রদান  
সকলের জন্য সামাজিক-নাগরিক ও ব্যবসায়িক অধিকার প্রদান।

- \* ওয়ার্কাস ইমিগ্রান্টস ইন বাংলাদেশ
- \* পাকিস্তানী কমিউনিটি ইন গ্রীস
- \* আফ্রিকান ইমিগ্রান্টস্ ওয়ার্কাস্ এন্ড ওয়ার্কাস্
- \* ফ্রিডম, সলিডারিটি, ইউনিটি
- \* আরব ওয়ার্কাস্ ইমিগ্রান্টস্
- \* মোভমেন্ট ইউনাইটেড এগেনিস্ট রেসিম্‌স্ এন্ড ফেসিস্টস্ থ্রেড

প্রচারে: সাধারণ ব্যবসায়ী সমিতি, (পাতিশিয়ন, পাতিয়া ভিক্টোরিয়া)